



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.২৭.৪২.১৭. ২৬৮

তারিখঃ

০৭ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ

২২ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ গাজীপুর জেলার সদর উপজেলাধীন পোড়াবাড়ি সাবেরিয়া দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: ইদ্রিস আলী এবং অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত ও এমপিওভুক্ত সহকারী মৌলভী জনাব মো: শরিফুল ইসলাম এর বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.১৪.০০২.১৭-১১৩, তারিখ-১৯/০৭/২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন পোড়াবাড়ি সাবেরিয়া দাখিল মাদ্রাসায় অবৈধভাবে এমপিওভুক্ত সহকারী মৌলভী জনাব মো: শরিফুল ইসলাম (ইনডেক্স নং-২১২২১২৫) এর নাম এমপিও হতে কর্তন এবং সুপার জনাব মো: ইদ্রিস আলীর বিষয়ে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নিয়োক্ত তথ্য জানা আবশ্যিক।

- (ক) জনাব মো: শরিফুল ইসলাম (ইনডেক্স নং-২১২২১২৫) সহকারী মৌলভী জালিয়াতি করে এমপিওভুক্ত হওয়ায় তাঁর নাম এমপিও থেকে কর্তন করা হলে তৎকর্তৃক গৃহীত সমুদয় অর্থ ফেরতযোগ্য হবে কিনা?
- (খ) জনাব মো: শরিফুল ইসলাম (ইনডেক্স নং-২১২২১২৫) সহকারী মৌলভী জালিয়াতির মাধ্যমে এমপিওভুক্ত হওয়ার কাজে সহায়তাকারী কর্মকর্তাদের চিহ্নিত করে তাদের নাম, ঠিকানা প্রেরণ।
- (গ) জনাব মো: শরিফুল ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-১৩৮১১/১৮ মামলার শুনানি হয়েছে কিনা, শুনানি হয়ে থাকলে উহার সর্বশেষ ফলাফল কী?
- (ঘ) NTRCA কর্তৃক ডুয়া ০৩ (তিন) জন শিক্ষক নিয়োগের বিষয়ে সুপারিশ ছিল কিনা?
- (ঙ) সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: ইদ্রিস আলী এর বিষয়ে কী প্রতিকার চাওয়া হয়েছে এবং তাঁর বিষয়ে করণীয়/সুপারিশ কী?

২। এমতাবস্থায়, বর্ণিত তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ৩০.০৯.২০২০খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(এ. কে. এম. লুৎফর রহমান)

সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)

ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অধ্যক্ষ/সুপার-----
৪. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা